"শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১

DHAKA PALLI BIDYUT SAMITY-1

ISO 9001:2015 Certified

সদর দপ্তর
পলাশবাড়ী, সাভার, ঢাকা।
টেলিফোন: ৭৭৯১৬১০
E-Mail:dhakapbs01@gmail.com

স্মারক নং-২৭.১২.২৬৭২.৫১৬.০২.১০০.১৮. ৬৮৭১ তারিখঃ-২৯-০৭-২০১৮ খ্রিঃ।

" নিয়োগ বিজ্ঞপ্তি "

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং-	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল-১৪৭০০.০০ হতে ২৬৪৮০.০০ টাকা সহ অন্যান্য ভাতাদি।	০১। **শিক্ষাগত যোগ্যতাঃ** এসএসসি/সমমান। ০২। **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (১৩-০৮-২০১৮ খ্রিঃ তারিখে) । সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন। ০৩। **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর /০৬(ছয়) বছর /০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। **০৪। অন্যান্য যোগ্যতাঃ** (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনার পারদর্শী হতে হবে। (গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। (ঘ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগদান করা হবে। চুক্তিকালীন সময়ে কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন (ইতিপূর্বে তদন্ত করা না হলে) সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার ২/১ কর্মদিবস বিরতি দিয়ে পুনরায় ০৩ (তিন) বছরের মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। একই নিয়মে সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের পর কর্মমূল্যায়ন সন্তোষজনক সাপেক্ষে পুনরায় আরো ০৩ (তিন) বছরের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে কোন অবস্থায় (০৩+০৩+০৩)=০৯ (নয়) বছর চুক্তির মেয়াদ অথবা বয়স ৫৫ (পঞ্চান্ন) বছরের বেশী (যাহা আগে আসে) অত্র পবিসে চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না।

<u>শর্তাবলীঃ</u>

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ** ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (www.dhakapbs1.org.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ১৩-০৮-২০১৮ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, সাভার, ঢাকা, বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ক)–(গ): প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

০৩। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলীর মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

(গ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত " অভিজ্ঞতা সনদ" আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে, যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে। অভিজ্ঞতা সনদপত্রে প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ করতে হবে।

(ঘ) নিয়োগের ক্ষেত্রে কোটা সম্পর্কিত সকল বিধি বিধান অনুসরণ পূর্বক নিয়োগকার্য চূড়ান্ত করা হবে।

(ঙ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার(চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৯ (নয়) বছর কর্মরত ছিলেন তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

(চ) অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাঁদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

(ছ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলা জনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

(জ) দুই বা তাঁর অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। । দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তাহা প্রমানিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(ঝ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঞ) লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

(ট) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

০৪। (ক) **জেলা কোটার প্রাপ্যতা থাকায় শুধুমাত্র ঢাকা, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর,শরীয়তপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, চট্টগ্রাম,কক্সবাজার,বান্দরবান,খাগড়াছড়ি,রাঙ্গামাটি,কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, রাজশাহী, ঠাকুরগাঁও, গাইবান্ধা, লালমনিরহাট, খুলনা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, বরিশাল, ভোলা, বরগুনা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।**

(খ) অত্র পবিসের ভৌগোলিক এলাকার অর্থাৎ ঢাকা জেলার সাভার উপজেলার ধামসোনা, আশুলিয়া, বিরুলিয়া, শিমুলিয়া ও পাথালিয়া ইউনিয়ন (আংশিক), গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলা ও সদর উপজেলার কাশিমপুর ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

স্বাঃ

(এ,এইচ,এম নজমুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ):

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মঃ ও ব্যঃপঃ(কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -------------------- পবিস-১/২/৩/৪।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। ডিজিএম(HQ-Tech)/কালিয়াকৈর/চন্দ্রা/আশুলিয়া/শ্রীপুর/জামগড়া/মৌচাক জোনাল অফিস,ঢাকা পবিস-১
০৬। এজিএম, অর্থ(হিসাব/রাজস্ব), প্রশাসন/এম-এস,ঢাকা পবিস-১।

সিনিয়র জেনারেল ম্যানেজার।